



ময়লা ব্যবসা নিয়ে যুবদল নেতার বিরুদ্ধে অস্ত্র দেখিয়ে হুমকির অভিযোগ



সিসিটিভি ক্যামেরা থেকে নেওয়া। ছবি: সংগৃহীত

রাজধানীর দক্ষিণখানে ময়লা ব্যবসার নিয়ন্ত্রণকে কেন্দ্র করে বিরোধের জেরে এক যুবদল নেতাকে পিস্তল ঠেকিয়ে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে একই সংগঠনের আরেক নেতার বিরুদ্ধে। ঘটনায় থানায় লিখিত অভিযোগ ও একটি ভিডিও ফুটেজ জমা হয়েছে।

ভুক্তভোগী আজহার ইসলাম অনিক জানান, ৪৭ নম্বর ওয়ার্ডে ময়লা ব্যবসার আধিপত্য নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। সম্প্রতি স্থানীয়ভাবে একটি কমিটি গঠনের পর ব্যবসার দায়িত্ব হস্তান্তর নিয়ে উত্তেজনা আরও বাড়ে।

তার অভিযোগ, সোমবার সকালে দক্ষিণখানের চৈতী গার্মেন্টস সংলগ্ন একটি ভবনের নিচতলার চায়ের দোকানে তিনি অবস্থান করছিলেন। এ সময় জাহিদুর রহমান জয় ও আরেক নেতা তাকে ভয়ভীতি দেখান এবং পরে জোরপূর্বক ভবনের ওপরতলায় নিয়ে যান।

তিনি আরও দাবি করেন, সেখানে তাকে পিস্তল ঠেকিয়ে এলাকা ছাড়ার হুমকি দেওয়া হয়। ঘটনাটি পূর্বপরিকল্পিত ছিল বলেও অভিযোগ করেন তিনি।

এ বিষয়ে দক্ষিণখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, অভিযোগ ও ভিডিও ফুটেজ পাওয়া গেছে। ভুক্তভোগীকে থানায় এসে মামলা করার জন্য বলা হয়েছে। মামলা হলে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।